

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ত্রাণ কর্মসূচি-১ শাখা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২১.৯৬.০০১.১৫- ০৩

তারিখ: ০৩ জানুয়ারী, ২০১৭
২০ পৌষ, ১৪২৩

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের ১ম পর্যায়ে বাস্তবায়িতব্য 'অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান' কর্মসূচির উপজেলাওয়ারী শ্রমিক মজুরী, সরদার মজুরী, নন-ওয়েজ কন্স্ট এর বিভাজনমতে অর্থ ছাড়করণ।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১৯.৯৬.২৬৮.১৬-১৬৭ তারিখঃ ০৭/০৯/২০১৬ খ্রিঃ


উপর্যুক্ত বিষয়ের আলোকে অর্থ বিভাগের সম্মতিক্রমে ২০১৬-১৭ অর্থ বছরের ১ম পর্যায়ে বাস্তবায়িতব্য 'অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান' কর্মসূচির আওতায় সারাদেশে ৪৮৯ টি উপজেলার ৯ লক্ষ ১৪ হাজার ৮৭০ জন শ্রমিকের বিপরীতে ৭৩১ কোটি ৮৯ লক্ষ ৬০ হাজার টাকার শ্রম মজুরী, ৮২ কোটি ৬ লক্ষ ১৬ হাজার ৬০০ টাকার নন-ওয়েজ কন্স্ট ও ৬ কোটি ৬৫ লক্ষ ৮৬ হাজার টাকার শ্রমিক সরদার মজুরী অর্থাৎ সর্বমোট ৮২০ কোটি ৬১ লক্ষ ৬২ হাজার ৬০০ টাকার উপজেলাওয়ারী বিভাজন নিম্নোক্ত শর্ত সাপেক্ষে তাঁর অনুকূলে ছাড় করা হলো (বিভাজন সংযুক্ত)। 'অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি' নির্দেশিকামতে বিভাজনে বর্ণিত সুবিধাভোগীর সংখ্যা অনুযায়ী শ্রমিক মজুরী, সরদার মজুরী, নন-ওয়েজ কন্স্ট অর্থ প্রত্যেক জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর বরাদ্দ করার জন্য অনুরোধ করা হলো।

২। ইজিপিপি কর্মসূচির বরাদ্দ আদেশ জারীর করার সময় DLI অর্জনের নিমিত্ত সকল উপজেলায় EGPP MIS ব্যবহার করে ইজিপিপি কর্মসূচি বাস্তবায়ন নিশ্চিতকরণ এবং ইজিপিপি পাইলট প্রকল্পে বাংলাদেশ ডাক বিভাগের Postal Cash Card এর মাধ্যমে মজুরী পরিশোধ করার বিষয়টি উপজেলা নির্বাহী কর্মকর্তা, দ্বৈবীদার, কুমিল্লাকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তাবলী:

- ছাড়কৃত অর্থ ব্যয়ে সংশ্লিষ্ট সকল আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
- কর্মসূচির ২য় পর্যায়ে বাস্তবায়নের জন্য অর্থ ছাড়ের প্রস্তাবের সাথে ২য় পর্যায়ে ছাড়কৃত অর্থের বিস্তারিত ব্যয় বিভাজন প্রেরণ করতে হবে;
- নীতিমালা বহির্ভূত কোন ব্যয় করা যাবে না; এবং
- এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে নিয়মের কোন ব্যত্যয় হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবে।

২। আগামী ১০ জানুয়ারি, ২০১৭ হতে ১০ মার্চ ২০১৭ পর্যন্ত এ কর্মসূচির ১ম পর্যায়ে কর্মসূচি বাস্তবায়নের সময়সীমা বলবৎ থাকবে।
সংযুক্তঃ ১৬ পাতা।


(মোহাম্মদ হোসেন)
উপ-সচিব (ত্রাণ)
ফোনঃ ৯৫৭০০৪০
dsirelieff@gmail.com

মহাপরিচালক

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।
নং-৫১০০.৯৬.৪২১.০০০০.০০.১১.৫-১(৮)

তারিখ: ০৩-০১-২০১৭ খ্রিঃ

অনুলিপি-সদয় অবগতি ও কাযার্থে প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, SModMRPA প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এনডিআরসিসি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। পত্রটি প্রাপ্তকর্তার বরাবর ই-মেইলে প্রেরণের অনুরোধসহ।
- ৮। অতিরিক্ত সচিব (ত্রাণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।